

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) আয়োজনে দুদিনব্যাপী অন্তর্ভুক্তিমূলক উচ্চশিক্ষা : বাংলাদেশ প্রেক্ষিত (ওহপয়ংরাব ঐরমযবৎ উফপধঃরডহ : ইধহমযধফবংয ঈড়হঃবীঃ) শীর্ষক আন্তর্জাতিক কর্মশালা শেষ হয়েছে।

গতকাল বিকাল ৫টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার কক্ষে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণের মধ্য দিয়ে আন্তর্জাতিক এ সেমিনারের সমাপ্তি ঘটে। এর আগে গত শুক্রবার রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ডাক, টেলি যোগাযোগমন্ত্রী মোস্তফা জব্বার কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন।

advertisement

দুদিনব্যাপী কর্মশালায় শতাধিক অংশগ্রহণকারীরা অংশগ্রহণমূলক শিক্ষার বিভিন্ন প্রতিকূলতা ও সম্ভাবনা নিয়ে আলোকপাত করেন। এতে সভাপতিত্ব করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. নুরুল আলম। কর্মশালায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও দেশজুড়ে ১২টিরও বেশি প্রতিবন্ধী সংস্থার সদস্য, প্রশাসনিক কর্মকর্তা এবং বিভিন্ন শ্রেণির কর্মচারীরা উপস্থিত ছিলেন।

advertisement 4

কর্মশালায় বক্তারা বাংলাদেশ ও ভারতের প্রতিবন্ধী শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ নিয়ে আলোকপাত করেন। উচ্চশিক্ষার বিভিন্ন সমস্যা মোকাবিলায় দূরশিক্ষণের মাধ্যমে অনলাইন কোর্স ও কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারের মাধ্যমে উচ্চশিক্ষা নিশ্চিত করার সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়। ডাইভারস এশিয়া বাংলাদেশ ও ভারতে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রয়োগের লক্ষ্যে যুক্তরাজ্য, বুলগেরিয়া, বেলজিয়াম, লাটভিয়া, তুরস্ক এবং সার্বিয়ার বিশেষজ্ঞদের দ্বারা বিশেষায়িত ব্যবস্থা তৈরির পরিকল্পনা প্রস্তাব করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি স্পিকার শামসুল হক টুকু এমপি, রংপুর-২ আসনের সংসদ সদস্য ও প্রতিবন্ধীদের জন্য কল্যাণ সংস্থা সুইড-বাংলাদেশের উপদেষ্টা একেএম আহসানুল হক চৌধুরী, ইউজিসি সদস্য অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন, বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের প্রোগ্রাম অফিসার অ্যালেন ম্যানেটিক এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. শেখ মোহাম্মদ মনজুরুল হক।

